গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৭৭৫

তারিখঃ ০১ আশ্বিন ১৪৩২ ব:
১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

# ১ম রিলিজ স্লিপে স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৫/০৯/২০২৫ থেকে ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর **রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে** http://rc.gov.bd/admission-formfillup/ **লিংকের Online Admission** বাটন চেপে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।**

১। **ভর্তির সময়সূচি (১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের):**
ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম এবং ভর্তি কনফার্মেশন-স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৮/০৯/২০২৫ থেকে ২৫/০৯/২০২৫ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ মি. থেকে বেলা ০২:০০টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) শিক্ষার্থীরা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে প্রবেশ করে অথবা কলেজ ওয়েবসাইটের (http://rc.gov.bd/admission-formfillup/) পেজের **Honours Admission** বাটন চেপে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত Admission Roll নম্বর দিয়ে Next চাপলে ভর্তির ফরম উন্মুক্ত হবে। ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit বাটন চাপলে পেমেন্ট অপশন আসবে এবং ফি'এর পরিমাণ দেখাবে। উক্ত ফি'এর টাকা নিম্নে প্রদত্ত ডাচবাংলা **DBBL মোবাইল ব্যাংকিং** পদ্ধতির মাধ্যমে আগামী ১৮/০৯/২০২৫ থেকে ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্ণার হতে অথবা ভর্তি বাটনের নিচে প্রদত্ত ফি'এর বাটন চেপে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) যে সকল শিক্ষার্থীর ইতোপূর্বে কলেজে আবেদন করা হয়েছে তাদের পেমেন্ট অপশন আসবে এবং তারা ২ (গ) (**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী**) মোতাবেক ভর্তি ফি পরিশোধ করবে।

(গ) **DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।<br>খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।<br>গ) 1 (One) নং Self সিলেক্ট করুন।<br>ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।<br>ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।<br>চ) Bill No-এ আপনার **Admission roll** দিন।<br>ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।<br>জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।<br>ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।<br>খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।<br>গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)।<br>ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।<br>ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।<br>চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন।<br>ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।<br>জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।<br>ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(ঘ) যে সকল শিক্ষার্থীর ইতোপূর্বে কলেজে আবেদন করা আছে তাদের পেমেন্ট অপশন আসবে এবং তারা ২ (গ) (**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী**) মোতাবেক ভর্তি ফি পরিশোধ করবে।

(ঙ) কেউ যদি ইতোপূর্বে ভর্তি হয়ে থাকো এবং যদি বিষয় সঠিক হয় তবে ঠিক থাকবে। কিন্তু যদি বিষয় ভিন্ন হয় তবে ভর্তি কমিটির সাথে যোগাযোগ করো। তাকে পরবিতীতে বিষয় পরিবর্তন করে দেয়া হবে।

৩। DBBLপদ্ধতিতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। এরপর পেজটি রিফ্রেস করে অথবা একই পদ্ধতিতে পেজে পুনরায় প্রবেশ করে **Payment Confirmation Slip** ও **Admission From** ডাউনলোড করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রসহ বিভাগে জমা দিতে হবে।

৪। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।

খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের Applicants কপি ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।

গ) ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ছবির অনুরূপ হবে)।

ঘ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে Admission roll ব্যবহার করে নিজের তথ্যে প্রবেশ করা যাবে। সেখান থেকে Confirmation Slip, Student Admission form এবং Temporary ID ডাউনলোড এবং প্রিন্ট করে উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রসহ বিভাগে জমা দিতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট বিভাগ শিক্ষার্থীকে ফেরত দিবে।

৫। **ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইটের (*http://rc.gov.bd* / *http://rc.edu.bd*) নোটিশ বোর্ড, *http://rc.edu.bd/fees-for-honors-admission/* লিংক, বিভাগ, ক্যাশ শাখা ও কলেজ নোটিশ বোর্ড থেকে জানা যাবে।**

**বি:দ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৭৭৫ (২৮)

তারিখঃ ০১ আশ্বিন ১৪৩২ ব: / ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। বিভাগীয় প্রধান, ........................................................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম সেই দিন বেলা ২.৩০ টার মধ্যে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ২৯/০৯/২০২৫ তারিখ বেলা ২.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে;**

৩। আহ্বায়ক, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী;

৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৭। সংরক্ষণ নথি।

১৫/০৯/২০২৫
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
১৫/০৯/২০২৫